



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

Bangladesh Agricultural University, Mymensingh.

নং শা-২/এ-১০৮/২০০০/ ২৪২ /সংস্থাপন

তারিখঃ ০৫-০৪-২০২২

মাননীয় সচিব
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

বিষয়ঃ এ বিশ্ববিদ্যালয়ের এনাটমি এন্ড হিস্টোলজি বিভাগের প্রফেসর ড. শংকর কুমার দাশ-কে ভারতের হরিয়ানা প্রদেশে অবস্থিত International Institute of Veterinary Education and Research (IIVER), Rohtak এ প্রফেসর হিসেবে কাজ করার জন্য ০১-০৬-২০২২ হতে ৩১-০৫-২০২৬ পর্যন্ত ৪(চার) বৎসরের জন্য ভারতে গমন ও অবস্থানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, International Institute of Veterinary Education and Research (IIVER), Rohtak কর্তৃক তাঁদের ২১-০৩-২০২২ তারিখের পত্র মূলে এ বিশ্ববিদ্যালয়ের এনাটমি এন্ড হিস্টোলজি বিভাগের প্রফেসর ড. শংকর কুমার দাশ-কে ভারতের হরিয়ানা প্রদেশে অবস্থিত International Institute of Veterinary Education and Research (IIVER), Rohtak এ প্রফেসর হিসেবে ০১-০৬-২০২২ হতে ৩১-০৫-২০২৭ পর্যন্ত ৫(পাঁচ) বৎসর কাজ করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে (পরিশিষ্ট-১ দ্রঃ)।

তদপ্রেক্ষিতে তিনি উক্ত কাজে যোগদানের জন্য ০১-০৬-২০২২ হতে ৩১-০৫-২০২৬ পর্যন্ত ৪(চার) বৎসরের লিয়েন প্রদানের অনুরোধ জানিয়েছেন (পরিশিষ্ট-২ দ্রঃ)।

তাঁর উপরোক্ত ছুটিকালীন সময়ে একই বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল আউয়াল তাঁর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের দায়িত্ব পালন করবেন। ফলে, বিভাগীয় শিক্ষা ও গবেষণা কার্যক্রমের কোন ব্যাঘাত ঘটবে না মর্মে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান পৃথকভাবে একখানা প্রত্যয়ন পত্র প্রদান করেছেন (পরিশিষ্ট-৩ দ্রঃ)।

এ বিশ্ববিদ্যালয়ের বরাবরে তাঁর কোন বন্ড নেই। একজন শিক্ষককে তাঁর চাকুরী জীবনে সর্বাধিক ৫(পাঁচ) বৎসরের লিয়েন প্রদানের নিয়ম রয়েছে। তন্মধ্যে প্রথমাবস্থায় এক সাথে ৪(চার) বৎসর এবং আবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে আরো ১(এক) বৎসর বর্ধিত করার সুযোগ রয়েছে (পরিশিষ্ট-৪ দ্রঃ)। তিনি এখন পর্যন্ত কোন লিয়েন ভোগ করেননি।

সাম্প্রতিক সময়ে সিডিকেট অধিবেশন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা না থাকায় শিক্ষা মন্ত্রণালয় হতে তাঁর অনুকূলে উক্ত সময়ের জন্য ভারতে গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে তাঁকে ০১-০৬-২০২২ হতে ৩১-০৫-২০২৬ পর্যন্ত সময়ের জন্য লিয়েন মঞ্জুর করে বিষয়টি সিডিকেটে রিপোর্ট করা হবে।

উল্লেখ্য যে, শিক্ষা মন্ত্রণালয়ের বিগত ১০.১১.২০০৫ তারিখের শাঃ১৫/২ রাঃবিঃ-১/২০০৪/৮৪০(২১) নং পত্রের সহিত প্রেরিত ছক, উক্ত বিভাগের শিক্ষকদের তথ্যাবলী সংক্রান্ত ছক পূরণ করতঃ তাঁর প্রাপ্য ও ভোগকৃত ছুটির হিসাব এবং ভাইস-চ্যান্সেলর মহোদয় কর্তৃক অনুমোদিত নোটশীটের আলোকলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (পরিশিষ্ট-৫, ৬, ৭ ও ৮ দ্রঃ)।

বর্ণিত অবস্থায়, এনাটমি এন্ড হিস্টোলজি বিভাগের প্রফেসর ড. শংকর কুমার দাশ-কে ভারতের হরিয়ানা প্রদেশে অবস্থিত International Institute of Veterinary Education and Research (IIVER), Rohtak এ প্রফেসর হিসেবে কাজ করার জন্য ০১-০৬-২০২২ হতে ৩১-০৫-২০২৬ পর্যন্ত ৪(চার) বৎসরের লিয়েন মঞ্জুর করার বিষয় বিবেচনার্থে তাঁর অনুকূলে উক্ত সময়ের জন্য ভারতে গমন ও অবস্থানের অনুমতি প্রদানের নিমিত্ত আদিষ্ট হয়ে আপনাকে অনুরোধ জ্ঞাপন করছি।


ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষর/-
রেজিস্ট্রার
তারিখঃ ০৫-০৪-২০২২

মোমো নং নং শা-২/এ-১০৮/২০০০/ ২৪২ (৫)/সংস্থাপন

অবগতি ও প্রয়োজনীয় কার্য-ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

১. প্রফেসর ড. শংকর কুমার দাশ, এনাটমি এন্ড হিস্টোলজি বিভাগ।
২. প্রধান, এনাটমি এন্ড হিস্টোলজি বিভাগ।
৩. ডীন, ভেটেরিনারি অনুষদ।
৪. ইনফরমেশন ও মনিটরিং সেল।
৫. সংস্থাপন শাখা-১ (গার্ড ফাইল)।


রেজিস্ট্রার